দৈনিক সংবাদ

তারিখ 11 JAN 1994
পৃষ্ঠা ৯ কলাম ৪

৩৮

স্থায়ী ভবন নেই।। শ্রেণীকক্ষের অভাব

# কুমিল্লা মেডিক্যাল কলেজে নির্মাণ কাজ শুরু করা যাচ্ছে না

।। নূরুল রহমান ।।

কুমিল্লা, ১০ই জানুয়ারি।– স্থায়ী ভবনের অভাব, শ্রেণী কক্ষ, মৃতদেহ সংরক্ষণ, শিক্ষক, পাঠাগার ও আবাসিক সমস্যা এবং প্রশাসনিক জটিলতার কারণে কুমিল্লা মেডিক্যাল কলেজে পাঠদান ব্যাহত হচ্ছে।

'৯২ সালের ১৫ই আগস্টে মেডিক্যাল এসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) ভবনে কুমিল্লা মেডিক্যাল কলেজের ক্লাশ শুরু হয়। কলেজটি চালু হবার ১৫ মাস পরেও এরজন্য কোন মাষ্টার প্লান তৈরি করা হয়নি। ফলে নতুন করে কোন নির্মাণ কাজও শুরু করা যাচ্ছে না। এদিকে জরুরী ভিত্তিতে শ্রেণীকক্ষ ও কলেজ ভবন তৈরি করা না হলে চলতি বছর ভর্তিকৃতদের ক্লাশ শুরু হলে সমস্যা আরো প্রকট আকার ধারণ করবে। গত অর্থ বছর কলেজটির জন্য ১-লাখ টাকা সরকারী মঞ্জুরি দেয়া হয়। কিন্তু প্রশাসনিক জটিলতার জন্য এই টাকা ফেরত যায়।

বর্তমানে কলেজটিতে মাত্র ২টি শ্রেণী কক্ষ রয়েছে। একটিতে একই সাথে লেকচার ক্লাশ ও ডেমোনেস্ট্রেশন ক্লাশ চলে, অপরটিতে একই সাথে এনাটমি ডেমোনেস্ট্রেশন ও ডিসেকশন ক্লাশ চালাতে হচ্ছে। একেকটি কক্ষে ২৫ জন ছাত্রছাত্রীর স্থান সংকুলান হয়। কিন্তু এ বছর নতুন ভর্তিকৃত ৫০ জন ছাত্রছাত্রীর ক্লাশ শুরু হলে শ্রেণীকক্ষ সমস্যা প্রকট আকার ধারণ করবে। এছাড়া যারা এবার তৃতীয় বর্ষে উঠেছে তাদের ৬টি বিভাগের ক্লাশের জন্য কমপক্ষে ১৬টি পৃথক কক্ষের প্রয়োজন হবে।

চিকিৎসা বিদ্যা অধ্যয়নের গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে ডিসেকশন। কিন্তু এই কলেজটিতে মৃতদেহ সংরক্ষণের কোন ব্যবস্থাই নেই। কলেজটিতে ১শ' জন ছাত্রছাত্রীর জন্য শিক্ষক রয়েছে মাত্র ১২ জন। এরমধ্যে এনাটমি বিভাগে ১ জনসহ অধ্যাপক ও ৫ জন প্রভাষক, ফিজিওলজি বিভাগে ১জন সহ অধ্যাপক ও ৩ জন প্রভাষক, বায়োকেমিস্ট্রি বিভাগে কোন অধ্যাপক নেই, মাত্র ১ জন প্রভাষক এবং কমিউনিটি মেডিসিন বিভাগে মাত্র ১ জনসহ অধ্যাপক রয়েছেন। নতুন ভর্তিকৃত ৫০ জন ছাত্রছাত্রীর ক্লাশ শুরু হলে এই অপ্রতুল সংখ্যক শিক্ষকদের মধ্যে কারা তাদের পাঠদান করবেন তা এখনো অনিশ্চিত।

কুমিল্লা মেডিক্যাল কলেজের সমস্যা-সমূহ সমাধান করে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির দাবিতে কলেজটির ছাত্র-ছাত্রীরা গঠন করেছে কুমিল্লা মেডিক্যাল কলেজ ছাত্রছাত্রী কল্যাণ পরিষদ। কল্যাণ পরিষদ মিছিল করে, সাংবাদিক সম্মেলন করে, স্মারকলিপি দিয়ে অবিলম্বে সমস্যাগুলোর সমাধানের দাবি জানিয়েছে।